

তথ্য কমিশনে ১১-০৪-২০১৮ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১১ টি অভিযোগের শুনানীশেষে ০৩ টি অভিযোগের নিষ্পত্তি করা হয়, ০৪ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০৪ টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে মহাখালী জনস্বাস্থ্য ইনস্টিটিউটের পাবলিক রিলেশন অফিসার, গাইবান্ধা জেলা পরিষদের সহকারী প্রকৌশলী এবং মহাখালী স্বাস্থ্য অধিদপ্তরের সহকারী প্রধানের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে পদ্মা ইসলামী লাইফ ইনসিওরেন্স লিমিটেড প্রধান কার্যালয়ের ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরিচালক (আইন ও গবেষণা, ইউ-১২), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের তথ্য ও ফটোগ্রাফী শাখার ডেপুটি রেজিস্ট্রার এবং বান্দরবান জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীর

বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়। মানিকগঞ্জের তালেবপুর ইউনিয়ন পরিষদের সচিব, মানিকগঞ্জের জাগীর ইউনিয়ন পরিষদের সচিব, মানিকগঞ্জের সিংগাইর ইউনিয়ন পরিষদের সচিব এবং অগ্রণী ব্যাংকের বরগুনা শাখার ব্যবস্থাপকের বিরুদ্ধে আনিত অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

স্বাক্ষরিত:-

১১-০৪-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd